DESCO
POWER IS YOURS

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
www.desco.gov.bd

# তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক ডেসকো'র প্রচারপত্র

## তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের উদ্দেশ্যঃ

* তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণ।
* তথ্যপ্রাপ্তির অধিকার চিন্তা, বিবেচক ও বাক-স্বাধীনতা একটি অবিচ্ছেদ্য অংশ।
* জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক।
* স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা।

## তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য চাওয়া এবং প্রাপ্তির পদ্ধতিঃ

তথ্য চেয়ে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এড্রেস এবং চাহিত তথ্য/সমূহের স্পষ্ট বর্ণনাসহ নির্ধারিত ফর্মে ডেসকো'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে (পত্র মারফত/ই-মেইল) ➡ কোম্পানি/সংস্থা কর্তৃক আবেদন পত্র গ্রহণ।

## তথ্য প্রদান প্রক্রিয়া ও সময়সীমাঃ

- ২৪ ঘন্টার মধ্যে প্রাথমিক তথ্য প্রদান ➡ (কারও জীবন, মৃত্যু, গ্রেফতার বা কারাগার হতে মুক্তি সংক্রান্ত জরুরি বিষয় হলে) {ধারা-৯(৪)}।
- অনধিক ২০ কার্য দিবসের মধ্যে তথ্য প্রদান ➡ (যদি তথ্য-উপাত্ত নিজ অফিসে মজুদ থাকে)। {ধারা-৯(১)}
- অনধিক ৩০ কার্য দিবসের মধ্যে তথ্য প্রদান ➡ (চাহিত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট/কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে)। {ধারা-৯(২)}।
- অনধিক ১০ কার্য দিবসের মধ্যে ➡ (যদি চাহিত তথ্য প্রদানে অপারগ হলে তা আবেদনকারীকে জানাতে হবে)। {ধারা-৯(৩)}।

*নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য প্রদান করা না হলে তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখান করা হয়েছে বলে গণ্য হবে।
** তথ্যের জন্য মূল্য নির্ধারিত থাকিলে মূল্য পরিশোধ করিতে হইবে; তথ্যের মুদ্রিত মূল্য বা ফটোকপির প্রকৃত ব্যয়ের অধিক মূল্য নির্ধারণ করা যাইবে না।

## ডেসকো'র তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

**প্রকৌঃ জুলফিকার তাহমিদ**
প্রধান প্রকৌশলী (পি এন্ড ডি)
২২/এ, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ ztahmid@desco.gov.bd

**প্রকৌঃ মোঃ এনামুল হক**
প্রধান প্রকৌশলী (পিএমপি এন্ড এসএম)
২২/এ, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ ehaque@desco.gov.bd

**জনাব মোঃ মোমিনুল ইসলাম**
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ mominul@desco.gov.bd

**প্রকৌঃ শামীম আহসান চৌধুরী**
প্রধান প্রকৌশলী (আইসিটি)
বাড়ী নং-৯, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২ খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ shamim@desco.gov.bd

**প্রকৌঃ মোঃ রশিদুর রহমান**
প্রধান প্রকৌশলী (এসএন্ডডি অপারেশন)
বাড়ী নং-১৮, রোড নং-৮, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ rashidur@desco.gov.bd

**জনাব মোঃ আলমগীর হোছাইন**
উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
বাড়ী নং-৪, রোড নং-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ ahossain@desco.gov.bd

**জনাব মুহঃ মামুনর রশিদ**
উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর.এম)
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ mmamun@desco.gov.bd

**প্রকৌঃ মোঃ আতিকুর রহমান**
কোম্পানি সচিব
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ matiqur@desco.gov.bd

## ডেসকো'র তথ্য অধিকার বিষয়ক আপীল কর্তৃপক্ষ

**মোঃ কাওসার আমীর আলী**
ব্যবস্থাপনা পরিচালক
২২/বি, কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা- ১২২৯।
ফোন- ৮৯০০১০১, ৮৯০০১১০, ৮৯০০৮২০; ফ্যাক্স- ৮৯০০১০০; ই-মেইলঃ mddesco@desco.gov.bd

24/7 16120 মোবাইলে গ্রাহক সেবা
ডেসকো কল সেন্টারঃ ১৬১২০

## ডেসকো কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না দিলে সংক্ষুব্ধ ব্যক্তি কি করবেনঃ

- ❖ সংক্ষুব্ধ ব্যক্তি ধারা ৯ এর উপ-ধারা (১), (২) বা (৪) এ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পেলে সময়সীমা শেষে ৩০ দিনের মধ্যে কিংবা যুক্তিসঙ্গত কারণে এর পরে ডেসকো'র আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করবেন {ধারা-২৪(১)}

- ❖ আপীল কর্তৃপক্ষ আবেদনের ১৫ দিনের মধ্যে চাহিত তথ্য সরবরাহের জন্য ডেসকো'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন {ধারা-২৪ (৩ক)}

- ❖ আপীল কর্তৃপক্ষের বিবেচনায় আবেদনটি গ্রহণযোগ্য না হলে ১৫ দিনের মধ্যে আপীল আবেদনটি খারিজ করে দিবেন {ধারা-২৪(৩খ)}

- ❖ আপীল কর্তৃপক্ষের নির্দেশ প্রাপ্তির তারিখ হতে ক্ষেত্র মতে ২৪ ঘন্টা/২০ কার্য দিবস/৩০ কার্য দিবসের মধ্যে তথ্য দিবেন (ধারা-২৪(৪)}

## ডেসকো'র আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে সংক্ষুব্ধ ব্যক্তি কি করবেনঃ

সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ দিনের মধ্যে কিংবা যুক্তিসঙ্গত কারণ থাকলে এর পরে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। (ধারা-২৫(২)}

অভিযোগ গ্রহণ/প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগের অনুসন্ধান করে প্রধান তথ্য কমিশনার বা ক্ষেত্রমতে তথ্য কমিশনার তথ্য কমিশনের জন্য একটি সিদ্ধান্ত কার্যপত্র প্রস্তুত করবেন {ধারা-২৫(৬)}

তথ্য কমিশনের পরবর্তী সভায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কমিশন সাধারণত ৪৫ দিনের মধ্যে নিষ্পন্ন করবেন। তবে বর্ধিত সময়ের প্রয়োজন হলে সর্বোচ্চ ৭৫ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবেন। (ধারা-২৫(১০)}

## কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতা মূলক নয়ঃ

তথ্য অধিকার আইনের ধারা-৭: এই আইনের অন্যান্য বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্তৃপক্ষ কোন নাগরিককে নিম্নলিখিত তথ্য সমূহ প্রদান করিতে বাধ্য থাকিবে না, যথাঃ -

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;
(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;
(গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;
(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;
(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ নিম্নোক্ত তথ্য, যথাঃ-
 (অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা কর হার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;
 (আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তন জনিত কোন আগাম তথ্য;
 (ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠান সমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;
(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;
(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;
(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;
(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;
(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;
(ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;
(ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;
(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;
(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;
(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;
(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য ;
(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;
(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
(ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য।